

Oasis Fashion Ltd.

Kashem Complex, Gacha Road,
Gacha, Gazipur

Responsible Person: General Manager

Approval Date : 08/04/2021

Effective Date : 08/04/2021



Waste Management Policy

(বর্জ্য ব্যবস্থাপনা নীতিমালা)

ওয়েসিস ফ্যাশন লিঃ একটি সুষ্ঠু এবং পরিবেশ সম্মত উপায়ে বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিতকরণের মাধ্যমে জনস্বাস্থ্য, প্রাকৃতিক সম্পদ এবং পরিবেশ রক্ষায় বদ্ধপরিকর। ওয়েসিস ফ্যাশন লিঃ টেকসই, পুনঃব্যবহার এবং পুনঃ প্রক্রিয়াজাতকরণযোগ্য কাঁচামালের ব্যবহার, প্রশিক্ষিতজনবল, অপারেশন এবং প্রসেস নিয়ন্ত্রণ ইত্যাদি কার্যাবলীর দ্বারা উৎপাদিত সকল বর্জ্যসমূহের সঠিক সংগ্রহ, পরিবহণ, সংরক্ষণ এবং অপসারণ নিশ্চিতকরণে নিম্নলিখিত শর্তসমূহ পালনে অঙ্গীকারবদ্ধঃ-

- ১) দূষণ প্রতিরোধ, বর্জ্য হ্রাসকরণে কাঁচামাল ও প্রাকৃতিক সম্পদের সর্বাধিক কার্যকরী ব্যবহার নিশ্চিত করা।
- ২) টেকসই, পুনঃব্যবহার এবং পুনঃপ্রক্রিয়াজাতকরণযোগ্য কাঁচামালের ব্যবহারের মাধ্যমে কারিগরী এবং আর্থিক স্থিতিশীলতা অর্জন করা।
- ৩) পরিবেশ সম্মতভাবে সকল বর্জ্য বিশেষ ঝুঁকিপূর্ণ বা সংক্রমিত বর্জ্যসমূহ নিরীক্ষণ, পরিবহণ এবং অপসারণ নিশ্চিত করা।
- ৪) বর্জ্যের পরিমাণ এবং স্থানীয় জনপদের জন্য ক্ষতিকর / হুমকিস্বরূপ বর্জ্যের উৎপাদন হ্রাস করা।
- ৫) অধিক বর্জ্য উৎপাদনকারী দ্রব্যের ব্যবহার পর্যালোচনা করা।
- ৬) সাপ্লায়ার এবং সাব কন্ট্রাক্টরদের কোম্পানীর বর্জ্য ব্যবস্থাপনা পলিসি সম্পর্কে অবগত করা এবং তা পূরণে উৎসাহিত করা এবং চুক্তিবদ্ধ কোম্পানীর কাছে হস্তান্তর করতে হবে।
- ৭) কোম্পানীর সকল ষ্টাফ এবং কর্মচারীদেরকে কোম্পানীর বর্জ্য ব্যবস্থাপনা পলিসি অবগত এবং বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ট্রেনিং ও মিটিং আয়োজন নিশ্চিত করা।
- ৮) পোস্টার, নোটিশ, ওয়েব সাইট ইত্যাদির দ্বারা বর্জ্য ব্যবস্থাপনা উন্নীত করা।
- ৯) 3R Policy (Reduce, Reuse, Recycle) বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।
- ১০) ইটিপির স্লাজ কমপক্ষে ৬ মাস সংরক্ষণ করে পরিবেশ বান্ধব উপায়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। ইটিপির স্লাজ কমপক্ষে ৬ মাস সংরক্ষণ করার পর মের্সিস মেঘনা ব্রিক্স এর নিকট হস্তান্তর করা হয় এবং তারা জিগজ্যাগ পদ্ধতিতে ইট তৈরী করবে।
- ১১) জুট, ববিন, কাগজ, পলি, ভাস্কো কার্টুন, কাঠ ইত্যাদি জুট বয়লারে বার্ন করে স্টিম তৈরী করা হয়। টোনার, টিউব লাইট, ব্যাটারী, কেমিক্যাল ড্রাম ইত্যাদি সাপ্লায়ারকে ফেরত দেওয়া হয় এবং ভাস্কো গ্লাস, ভাস্কো নিডল চুক্তিবদ্ধ কোম্পানীর কাছে বিক্রি করা হয়।
- ১২) মেডিক্যাল বর্জ্য চুক্তিবদ্ধ মেডিক্যাল হাসপাতালে প্রদান করতে হবে।

ওয়েসিস ফ্যাশন লিঃ প্রণীত বর্জ্য ব্যবস্থাপনা পলিসি পরিবেশের উপর বিরূপ প্রভাব প্রশমনে কোম্পানীর প্রতিশ্রুতি বহন করে।

প্রস্তুতকারী :	অনুমোদনকারীঃ
 ব্যবস্থাপক (এইচ আর এন্ড কমপ্লায়েন্স)	 ব্যবস্থাপনা পরিচালক